তারিখ 18 SEP 2016
পৃষ্ঠা ১৩ কলাম ৬

দৈনিক
ইত্তেফাক

# বাকৃবি খুলছে আজ

■ বাকৃবি সংবাদদাতা

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ঈদুল আজহার ছুটি শেষে আজ রবিবার থেকে সকল অ্যাকাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম শুরু হচ্ছে। আবাসিক হলগুলো গত শুক্রবার থেকেই শিক্ষার্থীদের প্রবেশের জন্য খুলে দেওয়া হয়েছে। শিক্ষার্থীদের পদচারণায় আবারো মুখরিত হয়ে উঠছে ক্যাম্পাস। শিক্ষার্থীদের একে অপরের সাথে কুশল ও ঈদের শুভেচ্ছা বিনিময়ে ও কোলাকুলিতে আবারো যেন ফুটে উঠেছে ঈদের দিনের আমেজে। হল ও ক্যাম্পাস ফিরে পাচ্ছে তার চিরচেনা রূপ। এদিকে বেশ কয়টি অনুষদে রয়েছে সেমিস্টার ফাইনাল পরীক্ষা। ফলে কিছুটা বাধ্য হয়েই ক্যাম্পাসে ফিরতে হচ্ছে শিক্ষার্থীদের।